# উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ নুর-ই-আলম সিদ্দিকী
প্রশাসক, উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর
তারিখঃ ২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ
সময়ঃ বেলা-১১.০০টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-"ক" এবং অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-"খ"তে দেখানো হয়।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে এজেন্ডাভিত্তিক সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচনা-১ঃ** গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

সভায় ১৪ আগস্ট ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**সিদ্ধান্ত-১ঃ** বিস্তারিত আলোচনান্তে গত ১৪ আগস্ট ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচনা-২ঃ** উপজেলা পরিষদের কমিটির সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-

আলোচ্য সময়ে উপজেলা কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্ত-২ঃ** বিস্তারিত আলোচনান্তে কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা-৩ঃ** সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ-

আলোচ্য সময়ে কোন সরকারি পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্ত-৩ঃ** সরকারি পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

## বিভাগীয় আলোচনাঃ

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অধিদপ্তর | **আলোচনা-৪ঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। | **সিদ্ধান্ত-৪ঃ** ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহ যথাযথভাবে সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| নারী বান্ধব ও নারী উন্নয়ন বিষয়ক | **আলোচনা-৫ঃ** সভায় নারী উন্নয়ন তথা উন্নয়নমূলক কাজে নারীদের অংশগ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | **সিদ্ধান্ত-৫ঃ** বিস্তারিত আলোচনান্তে নারী উন্নয়ন ক্ষেত্রে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | **আলোচনা-৬.১ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, হাসপাতালের আউটডোর চিকিৎসা কার্যক্রম চালু রয়েছে। ১৪টি কমিউনিটি ক্লিনিকের সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ভ্যাকসিনেশনসহ স্বাস্থ্যসেবা প্রদান অব্যাহত রয়েছে। | **সিদ্ধান্ত-৬.১ঃ** ইউনিয়ন স্বাস্থ্য সহায়তা কমিটির সভাসমূহ নিয়মিত আয়োজনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হলো। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা কৃষি দপ্তর | **আলোচনা-৬.২ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, সার ও তেলের মজুদ যথেষ্ট পরিমাণে রয়েছে। এছাড়া কৃষি বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকি করা হচ্ছে। | **সিদ্ধান্ত-৬.২ঃ** কৃষির বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকির জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | **আলোচনা-৬.৩ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, দুধ, ডিম ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে তাঁর দপ্তর হতে মাঠ পর্যায়ে টিকাদানসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও গবাদিপশুর চিকিৎসাসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। খামার স্থাপন, ঘাস চাষসহ ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। র‍্যাবিস ভ্যাকসিন সরকারিভাবে সরবরাহ বন্ধ থাকায় তিনি ভ্যাকসিন ক্রয়ের জন্য উপজেলা পরিষদের সহায়তা কামনা করেন। | **সিদ্ধান্ত-৬.৩ঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে ডিম ও মাংস উৎপাদন বৃদ্ধিসহ গৃহপালিত পশু-পাখির রোগবালাই প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | **আলোচনা-৬.৪ঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, মা ইলিশ সংরক্ষণ অভিযান (৪-২৫ অক্টোবর) পরিচালনা করা হবে। । ১৮-২৪ আগস্ট জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন করা হয়েছে। সৈয়দপুর উপজেলায় বিভিন্ন প্রজাতির মৎস্য চাষ বৃদ্ধির লক্ষ্যে একাধিক পদক্ষেপ গ্রহণসহ মৎস্য চাষের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও বিভিন্ন সহায়তা তাঁর দপ্তর হতে প্রদান করা হচ্ছে। এছাড়াও চায়না দুয়ারী জাল ব্যবহার রোধে সকলের সহায়তা কামনা করেন। | **সিদ্ধান্ত-৬.৪ঃ**<br>১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে এ উপজেলায় দেশীয় মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br>২। চায়না দুয়ারী ও কারেন্ট জালসহ বিভিন্ন নিষিদ্ধ উপকরণ ব্যবহার করে মাছ ধরা রোধে মোবাইল কোর্ট পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ১০০ শয্যা হাসপাতাল | **আলোচনা-৬.৫ঃ** আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল সভায় জানান যে, হাসপাতালের চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **আলোচনা-৬.৫ঃ** আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতালকে হাসপাতালে দালালদের দৌরাত্ম্য প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল |
| উপজেলা সমাজসেবা দপ্তর | **আলোচনা-৬.৬ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, থ্যালাসেমিয়া, জন্মগত হৃদরোগসহ স্ট্রোকে প্যারালাইজড রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচির আওতায় প্রাপ্ত আবেদনসমূহ জেলা সমাজসেবা অফিসে প্রেরণ করা হয়েছে। সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে ১ম কিস্তির ভাতা প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। | **সিদ্ধান্ত-৬.৬ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সকল ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা শিক্ষা দপ্তর | **আলোচনা-৬.৭ঃ** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পাঠদান কার্যক্রম চালু রয়েছে। বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শনসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৬.৭ঃ** উপজেলা শিক্ষা অফিসারকে এ উপজেলার প্রকৃত ঝরে পড়া শিক্ষার্থীর হার নির্ণয়ের জন্য অনুরোধ করা হলো। অনুপস্থিত ছাত্র/ছাত্রীদের বাড়ি বাড়ি গিয়ে তার পরিবারের সাথে আলোচনাপূর্বক অনুপস্থিত থাকার কারণটি প্রধান শিক্ষকের দায়িত্বে লিপিবদ্ধ করে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়টি নিশ্চিত করার অনুরোধ জানানো হলো। | উপজেলা শিক্ষা অফিসার |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | **আলোচনা-৬.৮ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, যে, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পাঠদান কার্যক্রম চালু রয়েছে। বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শনসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গ্রীষ্মকালীন খেলাধুলা চলছে। এছাড়াও পুনঃরায় জুনিয়র বৃত্তি পরীক্ষা শুরু হতে যাচ্ছে। | **সিদ্ধান্ত-৬.৮ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে প্রত্যন্ত অঞ্চলের বিদ্যালয়সমূহে মানসম্মত শিক্ষা প্রদানের লক্ষ্যে মনিটরিং বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হলো। যে সকল স্কুল বা মাদ্রাসায় ছাত্র/ছাত্রীদের উল্লেখ্যযোগ্য উপস্থিতি নেই এবং ফলাফল সন্তোষজনক নেই সেগুলো পরিদর্শন করে পরবর্তী সভায় পেশ করার জন্য অনুরোধ জানানো হলো। এছাড়াও Web Portal হালনাগাদ করার অনুরোধ জানানো হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা খাদ্য দপ্তর | **আলোচনা-৬.৯ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় সুবিধাভোগীদের মাঝে চাল বিতরণ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৬.৯ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা নির্বাচন দপ্তর | **আলোচনা-৬.১০ঃ** উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। ৩১ অক্টোবর ২০০৭ এর পূর্বে যারা জন্মগ্রহণ করেছেন তাদের কেউ বাদ পড়ে থাকলে ১৬ নভেম্বর ২০২৫ ইং তারিখের ভেতরে আবেদন করার সুযোগ রয়েছে। | **সিদ্ধান্ত-৬.১০ঃ** উপজেলা নির্বাচন অফিসারকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে জন্মগ্রহনকারী সকলকে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা নির্বাচন অফিসার |
| উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | **আলোচনা-৬.১১ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, জন্ম নিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনা বিষয়ে দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। চলতি মাসে বাড়িতে প্রসব-৪৫টি, স্বাভাবিক প্রসব-১০২টি, সিজারিয়ান-১৪৭টি এবং মৃত জন্ম-০০টি। এছাড়া কমিউনিটি ক্লিনিকগুলো নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। | **সিদ্ধান্ত-৬.১১ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সৈয়দপুরকে কমিউনিটি ক্লিনিকগুলোর কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | **আলোচনা-৬.১২ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ দপ্তরের অন্যান্য প্রকল্প বা কর্মসূচির কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রয়েছে। এছাড়া ঋণ আদায়ের হার বৃদ্ধির চেষ্টাসহ দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রয়েছে। | **সিদ্ধান্ত-৬.১২ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তাঁর দপ্তরের প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখাসহ ঋণ আদায়ের হার বৃদ্ধির জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | **আলোচনা-৬.১৩ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br>১। ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় আদায় চলমান আছে। আদায়ের হার বাড়ানোর জন্য প্রশাসনিক সহযোগিতা প্রয়োজন।<br>২। চলতি অর্থ বছরে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ৫টি ইউনিয়নসহ সৈয়দপুর পৌরসভার ভাতাভোগীদের বরাদ্দ পাওয়া গেছে। বাস্তবায়নের কাজ চলমান রয়েছে।<br>৩। ৩ মাস মেয়াদকালের WTC প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় ৩০ জনের প্রশিক্ষণ চলমান আছে ।<br>৪। কিশোর-কিশোরী ক্লাবের নাস্তা ও ক্লাব কার্যক্রম চলমান আছে।<br>এছাড়া বাল্যবিবাহ প্রতিরোধে নিয়মিত উঠান বৈঠক আয়োজনের কাজ চলমান রয়েছে। | **সিদ্ধান্ত-৬.১৩ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বাল্যবিবাহ প্রতিরোধসহ VWB ও মাতৃত্বকালীন ভাতা প্রদান কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | **আলোচনা-৬.১৪ঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৬.১৪ঃ** বিস্তারিত আলোচনান্তে উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সৈয়দপুরকে দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সৈয়দপুর |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | **আলোচনা-৬.১৫ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৬.১৫ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করার অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা সমবায় দপ্তর | **আলোচনা-৬.১৬ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের আওতায় মোট ১৮৫টি সমিতি রয়েছে। বর্তমানে সমিতিগুলোকে উৎপাদনমুখী করার চেষ্টা চলছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড় দুগ্ধ উৎপাদনকারী খামারীদের ঋণ প্রদান করা হয়েছে। | **সিদ্ধান্ত-৬.১৬ঃ** উপজেলা সমবায় কর্মকর্তাকে সমিতিগুলো নিয়মিত পরিদর্শন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা পরিসংখ্যান দপ্তর | **আলোচনা-৬.১৭ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৬.১৭ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করার অনুরোধ জানানো হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা আনসার-ভিডিপি দপ্তর | **আলোচনা-৬.১৮ঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৬.১৮ঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করার অনুরোধ জানানো হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| উপজেলা যুব উন্নয়ন দপ্তর | **আলোচনা-৬.১৯ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ঋণ আদায়ের হার ৯৭%। | **সিদ্ধান্ত-৬.১৯ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে যুব প্রশিক্ষণ, ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | **আলোচনা-৬.২০ঃ** সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, বিভিন্ন দূর্যোগ হতে নিরাপদ থাকার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে তাঁর দপ্তর হতে বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। | **সিদ্ধান্ত-৬.২০ঃ** সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র স্টেশন অফিসার,<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| উপজেলা বন বিভাগ | **আলোচনা-৬.২১ঃ** ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র সভায় জানান যে, তাঁর দপ্তর হতে বিভিন্ন জাতের বনজ ও ফলদ গাছের চারা উৎপাদন ও বিক্রয় চলছে। | **সিদ্ধান্ত-৬.২১ঃ** ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা,<br>সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র |
| পল্লী সঞ্চয় ব্যাংক | **আলোচনা-৬.২২ঃ** শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সৈয়দপুর সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৬.২২ঃ** শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সৈয়দপুরকে ঋণ আদায়ের হার বৃদ্ধির জন্য অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক,<br>পল্লী সঞ্চয় ব্যাংক |
| পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | **আলোচনা-৬.২৩ঃ** উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মোট বিতরণ এক কোটি পঞ্চাশ লক্ষ টাকা এবং আদায় এক কোটি এগার লক্ষ টাকা। আদায়ের হার ৯৯%। | **সিদ্ধান্ত-৬.২৩ঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| পরিদর্শক (পাট) এর কার্যালয় | **আলোচনা-৬.২৪ঃ** পরিদর্শক (পাট) সভায় জানান যে, “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” শতভাগ বাস্তবায়নের নিমিত্ত নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনার কাজ চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৬.২৪ঃ** পরিদর্শক (পাট)’কে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | পরিদর্শক (পাট) |
| উপজেলা পাট উন্নয়ন দপ্তর | **আলোচনা-৬.২৫ঃ** উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৬.২৫ঃ** উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | **আলোচনা-৬.২৬ঃ** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, বরাদ্দ না পাওয়ায় এ প্রকল্পের আওতায় আপাতত কোন কাজ চলমান নাই। | **সিদ্ধান্ত-৬.২৬ঃ** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| তথ্য আপা | **আলোচনা-৬.২৭ঃ** তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তর হতে উপজেলার প্রত্যেক বাড়ি বাড়ি গিয়ে তথ্য সহায়তা প্রদান করা হচ্ছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সহায়তা প্রদানসহ উঠান বৈঠক আয়োজন করা হচ্ছে। এছাড়াও তিনি বলেন যে, তাঁর দপ্তর হতে নারীদের ওজন, ডায়বেটিস, ব্লাড প্রেসার বিনামূল্যে মেপে দেয়ার কাজ চলছে। | **সিদ্ধান্ত-৬.২৭ঃ** তথ্যসেবা কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | তথ্যসেবা কর্মকর্তা |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | **আলোচনা-৬.২৮ঃ** উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, ওয়েব পোর্টাল হালনাগাদকরণসহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | **সিদ্ধান্ত-৬.২৮ঃ** উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কর্মকর্তা, সৈয়দপুরকে এ উপজেলার প্রত্যেক ইউনিয়ন/অফিসের প্রকল্পসমূহ ওয়েব পোর্টালে আপলোড এবং ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ হলো। | উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কর্মকর্তা,<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুর |
| পল্লী জীবিকায়ন প্রকল্প | **আলোচনা-৬.২৯ঃ** উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | **সিদ্ধান্ত-৬.২৯ঃ** উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি সৈয়দপুর'কে আশ্রয়ণ প্রকল্পসমূহে সমিতি গঠনের অনুরোধসহ তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি |
| উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | **আলোচনা-৬.৩০ঃ** উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৬.৩০ঃ** উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করার অনুরোধ জানানো হলো। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সৈয়দপুর |
| রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | **আলোচনা-৬.৩১ঃ** এজিএম (ওএন্ডএম), সৈয়দপুর সাব-জোনাল অফিস, রংপুর পবিস-২ সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে সমিতির আওতায় প্রায় ৪০০০০ হাজার গ্রাহক রয়েছে এবং লোডশেডিং কম হচ্ছে। | **সিদ্ধান্ত-৬.৩১ঃ** এজিএম (ওএন্ডএম), সৈয়দপুর সাব-জোনাল অফিস, রংপুর পবিস-২ কে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করার অনুরোধ জানানো হলো। | এজিএম (ওএন্ডএম), সৈয়দপুর সাব-জোনাল অফিস, রংপুর পবিস-২ |
| বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় | **আলোচনা-৬.৩২ঃ** সহকারী পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, উপ-আঞ্চলিক কেন্দ্র, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৬.৩২ঃ** সহকারী পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, উপ-আঞ্চলিক কেন্দ্র, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করার অনুরোধ জানানো হলো। | সহকারী পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, উপ-আঞ্চলিক কেন্দ্র, সৈয়দপুর |
| ইউনিয়ন পরিষদ | **আলোচনা-৬.৩৩ঃ** সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ জানান যে, তাঁদের ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | **সিদ্ধান্ত-৬.৩৩ঃ** সকল ইউপি চেয়ারম্যানকে ইউনিয়নের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও তদারকি করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও প্রকৃত সংখ্যা অনুযায়ী মৃত্যু নিবন্ধন সংখ্যা বাড়াতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| আলোচনা বিবিধঃ | **আলোচনা-৭ঃ** সভায় নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বিষয়ে উপস্থাপন করা হয় এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত প্রচারণা পত্র পাঠ করে শোনান হয়। "খাদ্যে ভেজাল ও দূষণ খাদ্য প্রতিরোধে সামাজিক আন্দোলন"-এ বিষয়ে জেলা পর্যায়ে পাবলিক মিটিং আয়োজনের সম্ভাব্য রূপরেখা পাওয়া গেছে। তারই আলোকে উপজেলা পর্যায়ে সচেতনতামূলক আলোচনা সভা, ভিডিও ও প্রচারপত্র প্রদর্শনী এবং মাইকিং এর মাধ্যমে প্রচারণার কর্মসূচি প্রণয়নপূর্বক বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | **সিদ্ধান্ত-৭ঃ** বিস্তারিত আলোচনান্তে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সৈয়দপুর, নীলফামারী।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |

০৮। সভায় এ উপজেলায় জঙ্গী তৎপরতা রোধকল্পে জনসাধারণকে উদ্বুদ্ধ করা ও জনসচেতনতা বৃদ্ধি করাসহ মসজিদের ইমামগণকে জঙ্গী তৎপরতার কুফল সম্পর্কে খুতবার শেষে বক্তব্য প্রদানের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হয়। জঙ্গীবাদের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভায় আলোচনা করার জন্য অনুরোধ করা হয়।

০৯। সভাপতি সভায় বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর হতে প্রাপ্ত মানবপাচার রোধ সংক্রান্ত পত্র সভায় উপস্থাপন করেন। এ উপজেলায় মানবপাচার রোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মানবপাচার রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মসজিদে জুম্মার নামাজের খুতবার পূর্বে আলোচনা করার জন্য মসজিদের ইমামগণকে অনুরোধ করা হয়। এছাড়াও মানবপাচার রোধে

প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভার পক্ষ থেকে অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা ও সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

১০। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে ২০২৫-২০২৬ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত) এর আওতায় মোট প্রাপ্ত টাকা ২,৪৮,৯১,১২০/-টাকা হতে ৩০% পিআইসি হিসাবে ৩৭টি প্রকল্প যার মূল্য ৭২,০০,০০০/-টাকা ইতোমধ্যে ব্যয় করা হয়েছে। এছাড়াও ১% তদারকি ব্যয় হিসাবে ২,৪৮,৯১১/-+০.৫০% আনুষাংগিক বাবদ ১,২৪,৪৫৬/- টাকা বাদে অবশিষ্ট ১,৭১,৬২,৪২৭/- টাকা প্রকল্পগুলি টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের নিমিত্তে খাতওয়ারী প্রকল্প গ্রহনপূর্বক বাছাই কার্যক্রম ও প্রকল্প বাছাই কমিটির গত ১০/০৭/২০২৫ ইং তারিখের সভায় সম্পন্ন হয়েছে এবং বাছাই কমিটির উক্ত সভায় বাছাইকৃত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য উপজেলা পরিষদের সমন্বয় কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এক্ষনে বাছাইকৃত প্রকল্পসমূহ নিম্নোক্তভাবে উপস্থাপন করা হলোঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রকল্পের খাত | টাকার পরিমান | বাস্তবায়নের পদ্ধতি | অর্থের উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১। | সৈয়দপুর উপজেলার ৫টি ইউনিয়নে দুস্থ্য মানুষের মাঝে সেলাই-মেশিন সরবরাহ | শিক্ষার উন্নয়ন ও | ১২০০০০০.০০ | LTM | UPDF | |
| ০২। | সৈয়দপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রথিষ্ঠানে ও ক্লাবে খেলাধুলার সামগ্রী সরবরাহ | ক্রীড়া ও সংস্কৃতি | ২০০০০০.০০ | LTM | UPDF | |
| ০৩। | কাশিরামবেলপুকুর ইউনিয়নের হুগলীপাড়া ইসলামিয়া মাদ্রসায় আসবাবপত্র সরবরাহ করন | শিক্ষার উন্নয়ন | ৯৮০১২.০০ | LTM | UPDF | |
| ০৪। | বোতলাগাড়ী ইউনিয়নের শ্বাষকান্দর কুঠিপাড়া মোহাম্মদিয়া মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহ | শিক্ষার উন্নয়ন | ১০০৭৬৩.০০ | LTM | UPDF | |
| ০৫। | বোতলাগাড়ী ইউনিয়নের শ্বাষকান্দর সিনিয়র মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহ। | শিক্ষার উউন্নন | ১০০৫১১.০০ | LTM | UPDF | |
| ০৬। | বোতলাগাড়ী ইউনিয়নের শাহপাড়া মসজিদ মোড় হতে আলতাফ হোসেনের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করন। | পরিঃ ও যোগাযোগ | ১০৮৯৫৭২.০০ | LTM | UPDF | |
| ০৭। | বোতলাগাড়ী ইউনিয়নের ডাঙ্গাপাড়ায় আইজুল এর বাড়ী হতে কাজি কোড়ানির বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করন ওয়ার্ড নং ৪ | পরিঃ ও যোগাযোগ | ৪৯৫১৪৪.০০ | LTM | UPDF | |
| ০৮। | বোতলাগাড়ী ইউনিয়নের ৬নং ওয়ার্ডের মাঝাপাড়া খয়রাতের বাড়ী হতে ব্রীজ পর্যন্ত রাস্তা সিসি করন | পরিঃ ও যোগাযোগ | ৪৯৫১৪৪.০০ | LTM | UPDF | |
| ০৯। | বোতলাগাড়ী ইউনিয়নের শ্বাকান্দর ব্যংমারী ইদগাহ মাঠে বাউন্ডারী ওয়াল নির্মাণ। | পরিঃ ও যোগাযোগ | ১০০০০০.০০ | LTM | UPDF | |
| ১০। | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ২নং ওয়ার্ডের খিয়ারপাড়া জামে মসজিদ হতে পাকা রাস্তা পর্যন্ত রাস্তা সিসি করন। | পরিঃ ও যোগাযোগ | ১০৮৬৬৭২.০০ | LTM | UPDF | |
| ১১। | কামারপুকুর উচ্চ বিদ্যালয় সংস্কার করন | শিক্ষার উন্নয়ন | ৩০০২১১.০০ | LTM | UPDF | |
| ১২। | কামারপুকুর ইউনিয়নের কিশামত বাগডোকড়া জামে মসজিদ মেরামত করন | | ২০৫৯৫৩.০০ | LTM | UPDF | |
| ১৩। | কাশিরামবেলপুকুর মাঝাপাড়া বালিকা মাদ্রাসা বাউন্ডারী ওয়াল নির্মাণ | শিক্ষার উন্নয়ন | ১০০০০০.০০ | LTM | UPDF | |
| ১৪। | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ডাক্তারপাড়া আরমানের বাড়ীর সামনের রাস্তার পুকুরে গার্ডওয়াল নির্মাণ | পরিঃ ও যোগাযোগ | ১০০০০৪.০০ | LTM | UPDF | |
| ১৫। | কামারপুকুর ইউনিয়নের আইসঢাল হাজিপাড়া ইফতেদায়ী মাদ্রাসা এবং মক্তব মেরামত। | পরিঃ ও যোগাযোগ | ৩০০০০০.০০ | LTM | UPDF | |
| ১৬। | কামারপুকুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডের কুজিপুকুর নাজিমুদ্দিনপাড়া বাউতুর রহমত জামে মসজিদ মেরামত | | ৬২৩৪৫.০০ | LTM | UPDF | |
| ১৬। | কাশিরাবেলপুকুর ইউনিয়নের পুর্ববেলপুকুর সাতপাই মহিলা দাখিল মাদ্রাসায় টয়লেট নির্মাণ | জনস্বাস্থ্য | ৩১৪৯৯৮.০০ | LTM | UPDF | |
| ১৭। | কাশিরাবেলপুকুর ইউনিয়নের ২নং ওয়ার্ডের চওড়া উত্তর তেলীপাড়া হতে মোতাহার বাড়ী পর্যন্ত গার্ডওয়াল নির্মাণ | পরিঃ ও যোগাযোগ | ২০২০৩৫.০০ | LTM | UPDF | |
| ১৮। | কাশিরাবেলপুকুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডের গুয়াবাড়ী হতে সোহাগ এর বাড়ী পর্যন্ত গার্ডওয়াল নির্মাণ | পরিঃ ও যোগাযোগ | ১৫২০৩১.০০ | LTM | UPDF | |
| ১৯। | কাশিরাবেলপুকুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডের কুয়াবাড়ী হতে সোহাগ এর বাড়ী পর্যন্ত গার্ডওয়াল নির্মাণ | পরিঃ ও যোগাযোগ | ৩১৮৫০৯.০০ | LTM | UPDF | |
| ০৬ | কাশিরাবেলপুকুর ইউনিয়নের সিপাইগঞ্জ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ | শিক্ষার উন্নয়ন | ১০০০০০.০০ | LTM | UPDF | |
| ২১। | খাতামধুপুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডের সর্দারপাড়া জালাল মেম্বারের বাড়ী হতে ফকিরপাড়া মসজিদ পর্যন্ত রাস্তা সিসি করন | পরিঃ ও যোগাযোগ | ৮৪২৬৫১.০০ | LTM | UPDF | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২২। | বাঙ্গালীপুর ইউনিয়নের রহমতিয়া জামে মসজিদ মেরামত | পরিঃ ও যোগাযোগ | ১৯৯৭৮৩.০০ | LTM | UPDF | |
| ২৩। | বাঙ্গালীপুর ইউনিয়নের ৭নং ওয়ার্ডের দোলাপাড়া আকবার চৌধুরীর বাড়ি হতে ছাইদার মন্ডল এর দোকান পর্যন্ত রাস্তা সলিং করন। | পরিঃ ও যোগাযোগ | ১০০০০০.০০ | LTM | UPDF | |
| ২৪। | খাতামধুপুর ইউনিয়নের ১নং ওয়ার্ডের চৌধুরীপাড়া হতে ঈদগাহ মাঠ পর্যন্ত রাস্তা সলিং করন | পরিঃ ও যোগাযোগ | ৫১৬৯০০.০০ | LTM | UPDF | |
| ২৫। | খাতামধুপুর ইউনিয়নের রফিকুল চৌধুরীর বাড়ীর সামন রাস্তা সিসি করন | পরিঃ ও যোগাযোগ | ১০০০০০.০০ | LTM | UPDF | |
| ২৬। | খাতামধুপুর ইউনিয়নের কাছারীপাড়া জামে মসজিদ এর সামনে রাস্তা সিসি করন | পরিঃ ও যোগাযোগ | ১০১১৩২.০০ | LTM | UPDF | |
| ২৭। | খাতামধুপুর ইউনিয়নের ৬নং ওয়ার্ডের পলিপাড়া জালালের বাড়ী সামনে রাস্তা সিসি করন | পরিঃ ও যোগাযোগ | ১০০০০০.০০ | LTM | UPDF | |
| ২৮। | বাংগালীপুর ইউনিয়নের জামিয়াতুল ইসলামিয়া ফয়জুল উলুম মাদ্রাসা মেরামত | শিক্ষার উন্নয়ন | ১০০০০০.০০ | LTM | UPDF | |
| ২৯। | বাঙ্গালীপুর ইউনিয়নের চৌমহনী মসজিদ সামনে দুলালের বাড়ী হতে নবি হোসেনের খুলি পর্যন্ত ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ১০০০০০.০০ | LTM | UPDF | |
| ৩০। | কাশিরামবেলপুকর ইউনিয়নের পূর্ববেলপুকুর সাতপাই মহিলা দাখিল মাদ্রাসার শ্রেনী কক্ষ নির্মাণ। | শিক্ষার উন্নয়ন | ১৫৫৩৯৯১.০০ | LTM | UPDF | |
| ৩১ | কামারপুকুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডের কুজিপুকুর মোজাম্মেলের বাড়ী  হতে মসজিদ পর্যন্ত ড্রেন নির্মাণ | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | LTM | UPDF | |
| ৩২। | কামারপুকুর ২নং ওয়ার্ডের চেন্ধুরপাড়া আলম দোকান হতে সিন্দির বাড়ী পর্যন্ত রাস্তা সলিং করন | পরিঃ ও যোগাযোগ | ২৩৫০০০.০০ | LTM | UPDF | |
| ৩৩। | কামারপুকুর ইউনিয়নের ২নং ওয়ার্ডের জুম্মাপাড়া কামারের মোড় পুকুরে গার্ডওয়াল নির্মাণ | পরিঃ ও যোগাযোগ | ২৫০০০০.০০ | LTM | UPDF | |
| ৩৪। | কামারপুকুর ইউনিয়নের ৩নং ওয়ার্ডের কলোনীপাড়া সেকেন্দার আলী কালুর বাড়ী হতে আশা অফিস পর্যন্ত ইটের সলিং করন | পরিঃ ও যোগাযোগ | ২৩৫০০০.০০ | LTM | UPDF | |
| ৩৫। | কামারপুকুর ইউনিয়নের  ৪নং ওয়ার্ডের বাগডোকড়া  ক্লিনিকের নিকট গার্ডওয়াল নির্মাণ | পরিঃ ও যোগাযোগ | ২০০০০০.০০ | LTM | UPDF | |
| ৩৬। | কামারপুকুর ইউনিয়নের ৫নং ওয়ার্ডের শাহপাড়া রশিদুল এর বাড়ী হতে ঈদগাহ মাঠ পর্যন্ত ইটের সলিং করন | পরিঃ ও যোগাযোগ | ২০০০০০.০০ | LTM | UPDF | |
| ৩৭। | কামারপুকুর ইউনিয়নের ১নং ওয়ার্ডের ধলাগাছ মুন্সিপাড়া জামে মসজিদের টাইলস করন। | শিক্ষার উন্নয়ন | ২০০০০০.০০ | LTM | UPDF | |
| ৩৮। | বাঙ্গালীপুর  ইউনিয়নের ১নং ওয়ার্ডের লক্ষনপুর পশ্চিমপাড়া মুন্সিপাড়া হাসান এর বাড়ী হতে ইয়াছিনের বাড়ী পর্যন্ত ইটের সলিং করন। | পরিঃ ও যোগাযোগ | ২০০০০০.০০ | LTM | UPDF | |
| ৩৯। | বাঙ্গালীপুর  ইউনিয়নের ৩নং ওয়ার্ডেও বিমানবন্দর পশ্চিমপাড়া নুর ইসলামের বাড়ী হতে মালেকের বাড়ী পর্যন্ত ইটের সলিং করন। | পরিঃ ও যোগাযোগ | ২০০০০০.০০ | LTM | UPDF | |
| ৪০। | বাঙ্গালীপুর  ইউনিয়নের ৪নং ওয়ার্ডের বাড়াইশালপাড়া আদর্শ পল্লি বাদলের বাড়ী হতে নারায়নের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করন। | পরিঃ ও যোগাযোগ | ২৮০০০০.০০ | LTM | UPDF | |
| ৪১। | বাঙ্গালীপুর  ইউনিয়নের ৫নং ওয়ার্ডের লক্ষনপুর চড়কপাড়া হাজি মোজামেলের বাড়ী হতে মনু এর বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করন। | পরিঃ ও যোগাযোগ | ২০০০০০.০০ | LTM | UPDF | |
| ৪২। | বাঙ্গালীপুর  ইউনিয়নের ৮নং ওয়ার্ডের লক্ষনপুর জালিয়াপাড়া রতনের বাড়ী হতে রমিছের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করন। | পরিঃ ও যোগাযোগ | ২০০০০০.০০ | LTM | UPDF | |
| ৪৩। | বাঙ্গালীপুর  ইউনিয়নের ৭নং ওয়ার্ডের লক্ষনপুর দেওয়ানীপাড়া পাকা রাস্তা হতে জামানের বাড়ীর নিকট গার্ডওয়াল নির্মাণ। | পরিঃ ও যোগাযোগ | ২০০০০০.০০ | LTM | UPDF | |
| ৪৪। | সৈয়দপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী সরবরাহ | ক্রীড়া ও সংস্কৃতি | ১১৪০০০.০০ | LTM | UPDF | |
| ৪৫। | সৈয়দপুর উপজেলার ৫টি ইউনিয়নে দুঃস্থ ও অসহায় মানুষের মাঝে ভ্যানগাড়ী সরবরাহ। | ক্রীড়া ও সংস্কৃতি | ৪৮৬০০০.০০ | LTM | UPDF | |
| ৪৬। | সৈয়দপুর উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ও ক্লাবে ক্রিকেট সামগ্রী সরবরাহ | ক্রীড়া ও সংস্কৃতি | ৩৬০০০০.০০ | LTM | UPDF | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪৭। | সৈয়দপুর উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ও ক্লাবে ব্যাটমিন্টন ও ক্রিকেট সামগ্রী সরবরাহ । | ক্রিড়া ও সংস্কৃতি | ৫৯৫০০.০০ | LTM | UPDF | |
| ৪৮। | খাতামধুপুর ইউনিয়নের ৭নং ওয়ার্ডের মুশরতধুলিয়া নালটুর বাড়ী হতে সাইফুলের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করন। | পরিঃ ও যোগাযোগ | ৩০১৫০০.০০ | LTM | UPDF | |
| ৪৯। | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের পুকুরপাড়া মসজিদ হতে জসিমের বাড়ী পর্যন্ত রাস্তায় সিসি করন। | পরিঃ ও যোগাযোগ | ১০০০০০.০০ | LTM | UPDF | |
| ৫০। | বাঙ্গালীপুর ইউনিয়নের BAUST Vehicle Garage Back Side to Afjal Habib Shop RCC Slab & CC Road | পরিঃ ও যোগাযোগ | ১০৮০০০.০০ | LTM | UPDF | |
| ৫১। | কামারপুকুর ইউনিয়নের আইসঢাল ঠাকুরপাড়ায় রুবেলের পুকুরে ড্রাম সীটদ্বারা গার্ডওয়াল নির্মাণ। | পরিঃ ও যোগাযোগ | ১৩০৫০০.০০ | LTM | UPDF | |
| ৫২। | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ২নং ওয়ার্ডের চরড়া পালপাড়া মন্দির মেরামত করন। | সামাজিক উন্নয়ন | ৫০৫০০.০০ | LTM | UPDF | |
| ৫৩। | খাতামধুপুর ইউনিয়নের খিয়ারজুম্মা মোহাম্মদ আলীর বাড়ী হতে মিঠুর বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করন। | পরিঃ ও যোগাযোগ | ১৪৯৯৯৭.০০ | LTM | UPDF | |
| ৫৫। | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ৫নং ওয়ার্ডের জমিরিয়া মিশবাউল উলুম মাদ্রাসায় টয়লেট নির্মাণ। | জনস্বাস্থ্য | ১২৫৫৪৫.০০ | LTM | UPDF | |
| ৫৪। | খাতামধুপুর ইউনিয়নের খালিশাধুলিয়া মসজিদ যাওয়ার রাস্তায় রাস্তা সিসি করন। | পরিঃ ও যোগাযোগ | ১২৯৫০০.০০ | LTM | UPDF | |
| ৬১। | খাতামধুপুর ইউনিয়নের ৬নং ওয়ার্ডের পলিপাড়া জামে মসজিদের টয়লেট নির্মাণ। | ভৌত অবকাঠামো | ১২৪৬৬১.০০ | LTM | UPDF | |
| ৫৬। | সৈয়দপুর উপজেলায় বিভিন্ন খেলার মাঠে বড় গোল পোষ্ট নির্মাণ। | ক্রিড়া ও সংস্কৃতি | ৪৫৪৮৬৩.০০ | LTM | UPDF | |
| ৫৭। | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ২নং ওয়ার্ডের চরড়া কুমারপাড়া কাঁদা মিক্সিং মেশিন সরবরাহ। | | ২১৩০০০.০০ | LTM | UPDF | |
| ৫৮। | সৈয়দপুর উপজেলার ৫টি ইউনিয়নে সেলাই মেশিন সরবরাহ | | ৩৫১৫০০.০০ | LTM | UPDF | |
| ৫৯। | সৈয়দপুর উপজেলায় বিভিন্ন খেলার মাঠে মিনি গোল পোষ্ট সরবরাহ। | ক্রিড়া ও সংস্কৃতি | ২৬৭০০০.০০ | LTM | UPDF | |
| ৬১। | জরীপ তদারকি বাবদ ১% | | ২৪৮৯১১.০০ | সরাসরি ক্রয় | UPDF | |
| ৬২। | আনুষাংগিক বাবদ ০.৫০% | | ১২৪৪৫৬.০০ | সরাসরি ক্রয় | UPDF | |

২০২৫-২৬ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিল (ইউপিডিএফ) এর আওতায় খাতামধুপুর ইউনিয়নের ২নং ওয়ার্ডের দর্জিপাড়া মাহাতাব উদ্দিনের বাড়ি থেকে মজিদের বাড়ি পর্যন্ত ইটের সলিং করন কাজটি জমি সংক্রান্ত জটিলতার জন্য বাস্তবায়ন করা সম্ভব না হওয়ায় উক্ত রাস্তা নির্মাণ স্কীমটি পরিবর্তনপূর্বক নতুন স্কীমের নাম নিম্নে দেখানো হলো।

| পূর্বের স্কীমের নাম | পরিবর্তনযোগ্য স্কীমের নাম |
|---|---|
| খাতামধুপুর ইউনিয়নের ২নং ওয়ার্ডের দর্জিপাড়া মাহাতাব উদ্দিনের বাড়ি থেকে মজিদের বাড়ি পর্যন্ত ইটের সলিং করন | খাতামধুপুর ইউনিয়ন ৯নং ওয়ার্ডের মিজানুরের বাড়ী হতে আসিকুলের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করন। |

সিদ্ধান্ত ঃ উরোক্ত স্কীমটি জমি সংক্রান্ত জটিলতার জন্য বাস্তবায়ন করা সম্ভব না হওয়ায় স্থান পরিবর্তন করে এবং প্রকল্প কমিটি পূর্বেও প্রকল্প কমিটি ঠিক রেখে স্কীমটি বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হলো।

১. প্রকল্পঃ উপজেলা পরিষদের শিউলী ভবন মেরামত ।
প্রকল্প ব্যয়- ১,০০,০০০/- (খাতঃ স্বাস্থ্য) রাজস্ব তহবিল

প্রকল্প কমিটি

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১. | মোছাঃ ফাতেমা বেগম | সংরক্ষিত ইউপি সদস্য, বোতলাগাড়ী ইউপি | সভাপতি |
| ২. | মোঃ রবিউল ইসলাম | মহিলা সদস্য,বোতলাগাড়ী | সদস্য-সচিব |

| | | | |
|---|---|---|---|
| ৩. | শ্রী প্রভাস চন্দ্র মহন্ত | শিক্ষক | সদস্য |
| ৪. | রঞ্জিত চন্দ্র শীল | গন্যমান্য | সদস্য |
| ৫. | মোঃ আব্দুস সামাদ | ইমাম | সদস্য |
| ৬. | শ্রী প্রসান্ত চন্দ্র শীল | সমাজসেবক | সদস্য |
| ৭. | মোঃ হামিদুল হক | মুক্তিযোদ্ধা | সদস্য |

১। তিনি আরো জানান যে ২০২৫-২০২৬ ইং অর্থবছরে, উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) এর আওতায় গৃহীত সকল কাজ ই-জিপি পদ্ধতিতে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। বিধায় ২০২৫-২০২৬ অর্থবছরে উপজেলা পরিষদের সকল কাজ (পিআইসি ব্যতিত) ইজিপি'র মাধ্যমে LTM পদ্ধতিতে অনলাইনে দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করা যায়।

**সিদ্ধান্তঃ** উপজেলা প্রকৌশলী কর্তৃক উত্থাপিত প্রস্তাবটি যৌক্তিক হওয়ায় ২০২৫-২০২৬ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) অর্থ দ্বারা সকল কাজ ইজিপি'র মাধ্যমে LTM পদ্ধতিতে দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হলো।

১১। উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়ঃ

| ক্রঃ নং | ব্যয়ের বিবরণ | ব্যয়ের পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১. | মোঃ ঝান্টু মাসুদ, সৈয়দপুর-এর অগ্নিকান্ডে ঘর পুড়ে যাওয়ায় অপ্রত্যাশিত খাত হতে সহায়তা | =১০,০০০/- |
| ২. | মোঃ নূর আলম, বাঙ্গালীপুর-এর অগ্নিকান্ডে ঘর পুড়ে যাওয়ায় অপ্রত্যাশিত খাত হতে সহায়তা | =৭,০০০/- |
| ৩. | মোঃ নূর মোহাম্মদ, বাঙ্গালীপুর-এর অগ্নিকান্ডে ঘর পুড়ে যাওয়ায় অপ্রত্যাশিত খাত হতে সহায়তা | =৭,০০০/- |
| ৪. | মোঃ জহুরুল হক, বাঙ্গালীপুর-এর অগ্নিকান্ডে ঘর পুড়ে যাওয়ায় অপ্রত্যাশিত খাত হতে সহায়তা | =৭,০০০/- |
| ৫. | প্রশাসক, উপজেলা পরিষদ মহোদয়ের জুন/২৫ ও জুলাই/২৫ মাসের ভ্রমন বিল বাবদ | =১৭,৫০০/- |
| ৬. | প্রশাসক, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের আগস্ট/২৫ মাসের কার্যভার ভাতা | =১,৫০০/- |
| ৭. | শ্রী বিজলী রাম, মালী, উপজেলা পরিষদ এর আগস্ট/২৫ মাসের মজুরী | =২১,০০০/- |
| ৮. | শ্রী মিনা রাম, সুইপার, উপজেলা পরিষদ এর আগস্ট/২৫ মাসের মজুরী | =২১,০০০/- |
| ৯. | উপজেলা পরিষদের আগস্ট/২৫ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | =২৫,৫০০/- |
| ১০. | উপজেলা পরিষদ কার্যালয়ের আগস্ট/২৫ মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ | =৪,২৫০/- |
| ১১. | পরিষদের কম্পিউটার সামগ্রী ক্রয় | =৪,০৮০/- |
| ১২. | উপজেলা পরিষদের ড্রেন পরিষ্কার বাবদ | =৮,০০০/- |
| ১৩. | উপজেলার নিরাপত্তার কাজে নিয়োজিত আনসার শেডের জানালার গ্রিল বাবদ | =৫,৯৫০/- |
| ১৪. | উপজেলার নিরাপত্তার কাজে নিয়োজিত আনসার সদস্যের আগস্ট/২৫ মাসের ভাতা বাবদ | =১৪,৭২৫/- |
| ১৫. | উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক, কম্পিউটার সামগ্রী ক্রয় এবং আনসার শেডের গ্রিল বাবদ ব্যয়ের ভ্যাট | =৪,৬৮০/- |
| ১৬. | উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক, কম্পিউটার সামগ্রী ক্রয় এবং আনসার শেডের গ্রিল বাবদ ব্যয়ের আয়কর | =২,৩৪০/- |
| ১৭. | উপজেলা পরিষদ, সৈয়দপুরের ০৪ (চার) জন কর্মচারীর আগস্ট/২৫ মাসের সিপিএফ বাবদ জমা | =৬,৫৫৭/- |
| ১৮. | প্রশাসক, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের আগস্ট/২৫ মাসের ভ্রমন ভাতা | =৮,৭৫০/- |
| ১৯. | অফিসের ০১টি ওয়াল ফ্যান ক্রয় বাবদ | =৫,০৪৩/- |
| ২০. | সহকারী কমিশনার (ভূমি), সৈয়দপুর এর বাসার বৈদ্যুতিক মেরামত বাবদ | =৬,৬৪৯/- |
| ২১. | অফিসের ওয়াল ফ্যান ক্রয় ও সহকারী কমিশনার (ভূমি), সৈয়দপুর এর বাসার বৈদ্যুতিক মেরামত কাজের ভ্যাট | =২,৯২৮/- |
| ২২. | অফিসের ওয়াল ফ্যান ক্রয় ও সহকারী কমিশনার (ভূমি), সৈয়দপুর এর বাসার বৈদ্যুতিক মেরামত কাজের আয়কর | =১,৪৬৪/- |
| ২৩. | শ্রী মিনা রাম, সুইপার, উপজেলা পরিষদ এর উৎসব ভাতা | =২১,০০০/- |
| ২৪. | শ্রী বিজলী রাম, মালী, উপজেলা পরিষদ এর উৎসব ভাতা | =২১,০০০/- |
| ২৫. | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, সৈয়দপুরের বাসভবনের সীমানা প্রাচীর রংকরণ বাবদ | =২০,৮২৫/- |
| ২৬. | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, সৈয়দপুরের নিরাপত্তার কাজে নিয়োজিত আনসার শেডের রংকরণ বাবদ | =২০,৮২৫/- |
| ২৭. | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, সৈয়দপুরের বাসভবনের সীমানা প্রাচীর রংকরণ ও নিরাপত্তার কাজে | =৪,৯০০/- |

| | | |
|---|---|---|
| | নিয়োজিত আনসার শেডের রংকরণ বাবদ ব্যয়ের ভ্যাট | |
| ২৮. | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, সৈয়দপুরের বাসভবনের সীমানা প্রাচীর রংরকরণ ও নিরাপত্তার কাজে নিয়োজিত আনসার শেডের রংকরণ বাবদ ব্যয়ের আয়কর | =২,৪৫০/- |
| ২৯. | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, সৈয়দপুরের বাসভবনের উপর তলা রংরকরণ বাবদ | =২০,৮২৫/- |
| ৩০. | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, সৈয়দপুরের বাসভবনের নীচ তলা রংরকরণ বাবদ | =২০,৮২৫/- |
| ৩১. | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, সৈয়দপুরের বাসভবনের উপর তলা ও নীচ তলা রংকরণ বাবদ ব্যয়ের ভ্যাট | =৪,৯০০/- |
| ৩২. | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, সৈয়দপুরের বাসভবনের উপর তলা ও নীচ তলা রংকরণ বাবদ ব্যয়ের আয়কর | =২,৪৫০/- |

১২। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নুর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী।

উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী
www.syedpur.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৮৫.০০০.০৩.০০২.২৫- তারিখঃ ২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৩। জেলা প্রশাসক, নীলফামারী।

০৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী।

০৫। উপজেলা .......................................................অফিসার, সৈয়দপুর, নীলফামারী।

০৬। চেয়ারম্যান,.....................................................ইউপি (সকল), সৈয়দপুর, নীলফামারী।

০৭। জনাব.................................................., সৈয়দপুর, নীলফামারী।

০৮। অফিস কপি।

(মোঃ নুর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী
ফোন: ০২৫৮৯৯৫৬৯০১
ইমেইলঃ unosyedpur@mopa.gov.bd